# বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
**BANGLADESH WATER DEVELOPMENT BOARD**

শৃংখলা পরিদপ্তর
পানি ভবন (লেভেল-৭)
৭২, গ্রীণরোড, ঢাকা-১২০৫
ফোন: ০২২২২২৩০০৭৬
dir.discipline.bwdb@gmail.com
ওয়েব সাইট: www.bwdb.gov.bd

Directorate of Discipline
Pani Bhaban (Level-7)
72, Green Road, Dhaka-1205
Phone : 02222230076
dir.discipline.bwdb@gmail.com
Website: www.bwdb.gov.bd


নং- ৪২.০১.০০০০.০২৩.২৭.৩১৭.২২-১২২

তারিখঃ ১০-০২-১৪৩০ বঃ
২৪-০৫-২০২৩ খ্রিঃ

## দপ্তরাদেশ

জনাব রিপন কর্মকার (আইডি নং-৮৭০৮১১০০১), সহকারী প্রকৌশলী, বন্যাপূর্বাভাস ও সতর্কীকরণ কেন্দ্র, বাপাউবো, ঢাকাকে কানাডার Memorial University Of Newfoundland এ মাস্টার্স কোর্সে অধ্যয়নের জন্য পানি সম্পদ মন্ত্রণালয়ের স্মারক নং-৪২.০০.০০০০.০৩১.২৫.০৪১.১৬-৪৩৬ তারিখ:৩১.০৫.২০১৬ খ্রিঃ মোতাবেক ০৭.০৯.২০১৬ খ্রি: তারিখ হতে ৩০.০৯.২০১৮ খ্রি: তারিখ পর্যন্ত প্রেষণ মঞ্জুর করা হয়। কর্মকর্তার সামগ্রিক একাডেমিক গবেষণা ক্ষেত্রে সন্তোষজনক অবদান রাখায় বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ তার মাস্টার্স কোর্সকে পিএইচডি কোর্সে ট্রান্সফার করার নিমিত্ত তাকে অফার লেটার প্রদান করা হয়। সে প্রেক্ষিতে কর্মকর্তা প্রেষণের মেয়াদ ০১, অক্টোবর ২০১৮ খ্রিঃ থেকে ৩০ সেপ্টেম্বর ২০২০ খ্রিঃ তারিখ পর্যন্ত বৃদ্ধির আবেদন করেন। তৎপ্রেক্ষিতে পানি সম্পদ মন্ত্রণালয়ের স্মারক নং-৪২.০০.০০০০.০৩১.২৫.০৪১.১৬-৫৮৭ তারিখ: ২৯.১০.২০১৮ খ্রিঃ মোতাবেক প্রেষণের (Deputation) মেয়াদ ৩০.০৯.২০২০ খ্রি: তারিখ পর্যন্ত বর্ধিত করা হয়। পরবর্তীতে বৈশ্বিক মহামারী কোভিড-১৯ এর কারণে নির্ধারিত সময়ের মধ্যে কোর্স সম্পন্ন করতে না পারায় কর্মকর্তা পুনরায় প্রেষণের (Deputation) মেয়াদ ০১ অক্টোবর, ২০২০ খ্রিঃ তারিখ হতে ৩১ আগস্ট, ২০২১ খ্রিঃ তারিখ পর্যন্ত বৃদ্ধির জন্য আবেদন করেন। উক্ত আবেদনের পরিপ্রেক্ষিতে পানি সম্পদ মন্ত্রণালয়ের স্মারক নং-৪২.০০.০০০০.০৩১.২৫.০৪১.১৬-০৫ তারিখ: ০৬.০১.২০২১ খ্রিঃ মোতাবেক প্রেষণের (Deputation) মেয়াদ ৩১.০৮.২০২১ খ্রিঃ তারিখ পর্যন্ত বর্ধিত করা হয়। সে অনুযায়ী উক্ত কর্মকর্তার গত ০১.০৯.২০২১ খ্রিঃ তারিখে বোর্ডের কাজে যোগদান না করে অননুমোদিতভাবে অনুপস্থিতি সংক্রান্ত অভিযোগে অত্র দপ্তরের স্মারক নং-৪২.০১.০০০০.০২৩.২৭.৩১৭.২২-১৬০ তারিখঃ ১৮/০৫/২০২২ খ্রিঃ এর মাধ্যমে তাকে বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড (কর্মকর্তা ও কর্মচারী) চাকরি প্রবিধানমালা ২০১৩ এর প্রবিধান ৪৮(ক), ৪৮(খ), ৪৮(গ) ও ৪৮(চ) মোতাবেক অভিযুক্ত করে উক্ত প্রবিধানমালার প্রবিধান ৫২ মোতাবেক কার্যধারা সূচনা করতঃ ১০(দশ) কার্যদিবসের মধ্যে আত্মপক্ষ সমর্থনে লিখিত বিবৃতি দাখিলের জন্যে নির্দেশনা প্রদান করা হলে তিনি তার জবাব দাখিল হতে বিরত থাকেন।

২। জনাব রিপন কর্মকার, সহকারী প্রকৌশলীর বিরুদ্ধে সূচিত কার্যধারায় আনীত অভিযোগ এবং অভিযোগের প্রেক্ষিতে তিনি জবাব দাখিল না করায় অত্র দপ্তরের দপ্তরাদেশ নং-৪২.০১.০০০০.০২৩.২৭.৩১৭.২২-৩১৪ তারিখঃ ১৫.০৯.২০২২ খ্রিঃ এর মাধ্যমে অভিযোগনামায় বর্ণিত অভিযোগসমূহ তদন্ত করার জন্য একজন তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয়। তদন্ত কর্মকর্তা অভিযোগ তদন্ত করে তদন্ত প্রতিবেদন দাখিল করেন।

৩। তদন্ত কর্মকর্তা কর্তৃক দাখিলকৃত তদন্ত প্রতিবেদন ও আনুসঙ্গিক সকল রেকর্ডপত্র পর্যালোচনান্তে জনাব রিপন কর্মকার, সহকারী প্রকৌশলীর বিরুদ্ধে আনীত অভিযোগ প্রমাণিত হওয়ায় কর্তৃপক্ষ কর্তৃক তার উপর বাপাউবোর্ডের "চাকরি হতে বরখাস্ত" (dismissal from service) দন্ড আরোপের প্রাথমিক সিদ্ধান্ত গৃহীত হয়। সে লক্ষ্যে বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড (কর্মকর্তা ও কর্মচারী) চাকরি প্রবিধানমালা-২০১৩ এর প্রবিধান ৪৯ এর উপ-প্রবিধান (১)(খ)(উ) মোতাবেক তার উপর বাপাউবো'র চাকরি হতে বরখাস্ত দন্ড কেন চূড়ান্তভাবে আরোপ করা হবে না, এ বিষয়ে প্রবিধানমালার প্রবিধান-৫২ এর উপ-প্রবিধান ৫২(৫) ও ৫২(৬) মোতাবেক কারণ দর্শানো নোটিশ প্রেরণ করা হয়। উক্ত নোটিশ এর সাথে তদন্ত প্রতিবেদনের চিত্রলিপি প্রেরণ করতঃ ৭(সাত) কার্যদিবসের মধ্যে কারণ দর্শানোর জন্য অত্র দপ্তরের স্মারক নং- ৪২.০১.০০০০.০২৩.২৭.৩১৭.২২-৫৩ তারিখঃ ১৫.০২.২০২৩ খ্রিঃ মোতাবেক তার স্থায়ী ঠিকানায় ও দাপ্তরিক ঠিকানায় নোটিশ প্রেরণ করা হয়। তিনি উক্ত কারণ দর্শানোর জবাব দাখিল হতে বিরত থাকেন।

৪। জনাব রিপন কর্মকার, সহকারী প্রকৌশলীর বিরুদ্ধে তদন্ত কর্মকর্তা কর্তৃক দাখিলকৃত তদন্ত প্রতিবেদন ও আনুসঙ্গিক রেকর্ডপত্র পর্যালোচনায় অভিযোগনামায় বর্ণিত অভিযোগসমূহ তদন্তে প্রমাণিত হওয়ায় বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড (কর্মকর্তা ও কর্মচারী) চাকরি প্রবিধানমালা-২০১৩ এর প্রবিধান ৪৯(১)(খ)(উ) মোতাবেক তার অননুমোদিতভাবে অনুপস্থিতির তারিখ অর্থাৎ ০১.১০.২০১৮ খ্রিঃ তারিখ হতে তার উপর বাপাউবো'র "চাকরি হতে বরখাস্ত" (dismissal from service) দন্ড চূড়ান্তভাবে আরোপের সিদ্ধান্ত গৃহীত হয়।

৫। উক্ত সিদ্ধান্ত মোতাবেক এতদ্বারা জনাব রিপন কর্মকার, সহকারী প্রকৌশলী, বন্যাপূর্বাভাস ও সতর্কীকরণ কেন্দ্র, বাপাউবো, ঢাকা এর উপর বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড (কর্মকর্তা ও কর্মচারী) চাকরি প্রবিধানমালা-২০১৩ এর প্রবিধান ৪৯ এর উপ-প্রবিধান (১)(খ)(উ) মোতাবেক তার অননুমোদিতভাবে অনুপস্থিতির তারিখ অর্থাৎ ০১.১০.২০১৮ খ্রিঃ তারিখ হতে বাপাউবো'র চাকরি হতে "বরখাস্ত" (dismissal from service) দন্ড চূড়ান্তভাবে আরোপ করা হলো।

২৪/০৫/২০২৩
(মোঃ নোমান ফরিদ)
পরিচালক
পরিচিতি নম্বর-৬৬০৮০৫০০২

E:\Quddus\OO.Dismiss.docx20

নং- ৪২.০১.০০০০.০২৩.২৭.৩১৭.২২-১২২(৮)

তারিখঃ ১০-০২-১৪৩০ বঃ
২৪-০৫-২০২৩ খ্রিঃ

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলোঃ

১। প্রধান প্রকৌশলী, পানি বিজ্ঞান, বাপাউবো, ঢাকা।
২। পরিচালক, প্রশিক্ষণ/কর্মচারী/অডিট/অর্থ/হিসাবরক্ষণ পরিদপ্তর, বাপাউবো, ঢাকা।
৩। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, মানব সম্পদ উন্নয়ন পরিদপ্তর/প্রসেসিং এন্ড ফ্লাড ফোরকাস্টিং সার্কেল, বাপাউবো, ঢাকা।
৪। সিনিয়র সিস্টেম এনালিস্ট, কেন্দ্রীয় আইসিটি পরিদপ্তর, বাপাউবো, ঢাকা। দপ্তরাদেশটি বোর্ডের ওয়েব সাইটে প্রকাশের জন্য আদিষ্টমতে অনুরোধ করা হলো।
৫। সি,এস,ও টু মহাপরিচালক, বাপাউবো, ঢাকা।
৬। নির্বাহী প্রকৌশলী, বন্যা পূর্বাভাস ও সতর্কীকরণ কেন্দ্র, বাপাউবো, ঢাকা।
৭। ব্যক্তিগত সহকারী, অতিরিক্ত মহাপরিচালক (প্রশাসন/পরিকল্পনা, নকশা ও গবেষণা), বাপাউবো, ঢাকা।
৮। (ক) জনাব রিপন কর্মকার, সহকারী প্রকৌশলী, বন্যাপূর্বাভাস ও সতর্কীকরণ কেন্দ্র, বাপাউবো, ঢাকা।
(খ) জনাব রিপন কর্মকার, পিতা- প্রিতোষ কর্মকার, গ্রাম-গারাদহ বাজার, ডাকঘর- গারাদহ, থানা-শাহজাদপুর, জেলা- সিরাজগঞ্জ।

২৪/৫/২৩
(মুঃ নূরুল আমীন)
উপ পরিচালক (অঃদাঃ)
পরিচিতি নম্বর-৭০০৬১৬০০১

২৪/০৫/২৩

E:\Quddus\OO.Dismiss.docx21